

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
আইন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা



স্মারক নং-৪৫.০০.০০০০.১৮৫.৯৯.০৭৫.২০২০-২২১

তারিখ: ১১/১০/২০২০খ্রি:

বিষয় : স্বাস্থ্য সেবা বিভাগের আইন অনুবিভাগে স্বাস্থ্য মন্ত্রণালয় সংক্রান্ত সকল আইন ও বিধিমালার কপি/গেজেট প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের আইন অনুবিভাগ হতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন, দপ্তর, অধিদপ্তর ও সংস্থাসমূহের (সকল প্রবঙ্গর হাসপাতাল) বিরুদ্ধে মাননীয় সুপ্রীম কোর্ট (উভয় বিভাগ) বিজ্ঞ প্রশাসনিক ট্রাইবুনাল ও আপীল ট্রাইবুনালে দায়েরকৃত সর্বপ্রকার মোকাদ্দমা (রিট, রিভিউ, আপিল) পরিচালনা, দফাওয়ারী জবাব প্রস্তুত, এফিডেভিট ইনকমপ্লায়েন্স/অপার্জিশন দাখিল, সময় আবেদন, আদালতসমূহের চাহিত কাগজাদি/দলিলপত্র স্বাক্ষর প্রমানাদি মাননীয় আদালতে উপস্থাপন/দাখিল ও উদ্ধৃত আইনী জটিলতার পরিপ্রেক্ষিতে আইনগত মতামত প্রদান/ব্যবস্থা গ্রহণ ইত্যাদি কার্যক্রম সম্পাদন করা হয়। বর্ণিত কার্যক্রম সম্পাদনের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিভিন্ন আইন ও বিধিমালা প্রয়োজন হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন আইন/বিধিমালা মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন অনুবিভাগ, অধিদপ্তর, দপ্তর ও সংস্থা হতে প্রণয়ন করা হয় এবং উক্ত আইন ও বিধিমালাসমূহ অনুবিভাগ, অধিদপ্তর, দপ্তর ও সংস্থায় সংরক্ষিত থাকে। এ সকল আইন ও বিধিমালা আইন অনুবিভাগে সংরক্ষিত না থাকায় আইন অনুবিভাগের কার্যক্রমে জটিলতার সৃষ্টি হচ্ছে। আইন অনুবিভাগের কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রতিটি আইন/বিধিমালার কপি/গেজেট সংরক্ষিত থাকা প্রয়োজন।

এমতাবস্থায়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল অনুবিভাগ, দপ্তর, অধিদপ্তর ও সংস্থাকে তাদের প্রণীত আইন/বিধিমালার কপি/গেজেট জরুরী ভিত্তিতে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হ'ল।

ইমান আলী  
১১/১০/২০২০  
(মো: ইমান আলী)  
সহকারী সচিব  
ফোন: ৯৫৪০৪৯৩

**সদয় কার্যার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/নিপোর্ট/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা (তৌর অধীনস্থ সকল দপ্তর, সংস্থায় বিতরণের অনুরোধসহ)।
৪. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৫. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

**সদয় অবগতির জন্য :**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।